

অবসর ভাতা প্রদানের সময়োত্তীর্ণপূর্বক পেনশন কার্যক্রম সহজ ও গতিশীলকরণ সুবিধা সম্পর্কিত তথ্য BN Website - এ Upload করন প্রসঙ্গে

সূত্র :

ক। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং- ভাতা/৭/৮৪/ডি-১৯/৮৬ তারিখ ২৩ জুন ১৯৮৮।

১। বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসেবে পেনশনারদের দ্বারপ্রান্তে সেবা পৌছানোর লক্ষ্যে গত ০১ মার্চ ২০১৯ তারিখ হতে মাসিক অবসরভাতাসহ অন্যান্য ভাতা iBAS++ এর আওতায় EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে পরিশোধ কার্যক্রম চালু হয়েছে। প্রচলিত বিধি অনুযায়ী পেনশনারগণ ১১ মাসের অধিক সময় পেনশন উত্তোলনে অসমর্থ হলে সূত্র ক মোতাবেক মঞ্জুরকারী কর্তৃপক্ষ পুনরায় অবসরভাতা প্রদানের নিমিত্তে সময়োত্তীর্ণ অনুমোদন প্রদান করে থাকে। বর্তমানে iBAS++ এর আওতায় EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে চালু হলেও ১২ মাস পরপর সকল পেনশনারদের এসএফসি (নৌ) তে স্বশরীরে হাজির হওয়ার বিষয়টি চলমান।

২। অতি সম্প্রতি দেখা যায় যে, অনেক পেনশনার শারীরিক অসুস্থতাজনিত কারনে বা অন্য কোন কারনে নির্দিষ্ট সময়ে এসএফসি (নৌ) তে হাজির হতে পারছেননা। ফলে পেনশন কার্যক্রম পুনঃ চালুকরনের বিষয়টি ব্যাহত হচ্ছে। এমতাবস্থায় এসএফসি (নৌ) এর সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে যে, এসএফসি (নৌ) তে সরাসরি উপস্থিত হওয়ার পরিবর্তে পেনশন সেকশনের ডিএএফসি (নৌ) এর মোবাইলে (জনাব কমলেশ চন্দ্র মধু, মোবাঃ ০১৯১৩৮৭৯৩৬৪) ভিডিও কলের মাধ্যমে নিশ্চিত করা যাবে যে, সংশ্লিষ্ট পেনশনার জীবিত আছেন।